দৈনিক ইত্তেফাক

তারিখ 16 APR 1994 পৃষ্ঠা ১ কলাম ৩

৩১

## ছাত্রদের সক্রিয় রাজনীতির কারণে শিক্ষা প্রতিষ্ঠানে বিশৃংখলা চলিতেছে

### প্রধান বিচারপতি

কিশোরগঞ্জ ৷ সংবাদদাতা ॥ প্রধান বিচারপতি সাহাবুদ্দীন আহমদ বলিয়াছেন, বিশৃংখলার কারণে শিক্ষা প্রতিষ্ঠান প্রায়ই বন্ধ থাকে। ছাত্ররা সক্রিয় রাজনীতিতে জড়াইয়া পড়িয়াছে

(১০ম পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

### প্রধান বিচারপতি

(১ম পৃঃ পর)

বলিয়াই এই অবস্থার সৃষ্টি হইয়াছে। শিক্ষা, শিল্প, বাণিজ্য, স্বাস্থ্যসহ বিভিন্ন ক্ষেত্রে আমরা পিছাইয়া রহিয়াছি। বাংলাদেশ বিশ্বে দরিদ্রতম দেশ হিসাবে চিহ্নিত হইতেছে। গত বৃহস্পতিবার কিশোরগঞ্জের গুরুদয়াল সরকারী কলেজের সুবর্ণ জয়ন্তী উপলক্ষে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে তিনি প্রধান অতিথি ছিলেন। সভাপতিত্ব করেন অধ্যক্ষ মোঃ মোকাররম হোসেন। বক্তব্য রাখেন এডভোকেট আবদুল হামিদ এমপি, মেজর (অব) আখতারুজ্জামান রঞ্জন এম,পি, মোঃ মাহবুবুর রহমান, জেলা প্রশাসক মোঃ ফজলুল হক প্রমুখ।